Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-180**
বিষয়: **স্কুল ভবনের বর্ধিত ব্যবহার**
শ্রেণি: **কর্মী**
ইস্যুর তারিখ: **22 ডিসেম্বর, 2022**

***পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার***

এটি 22 জুলাই, 2021 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান D-180 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- ধর্মীয় পরিষেবা সংক্রান্ত সুপারিশ এবং প্রাসঙ্গিক প্রথাকে অপসারণ করে। (সেকশন I.R)
- স্পষ্ট করে যে সকল সিদ্ধান্তের প্রিন্সিপ্যাল অনুমোদন যেন সুপারিনটেনডেন্টগণের টিম এবং সেন্ট্রাল DOE-এর পর্যালোচনা সাপেক্ষ হয়। (সেকশন II.D)
- সর্বত্র বরো/সিটিওয়াইড অফিস (BCO)-এর প্রসঙ্গগুলো হালনাগাদ করে এবং সংজ্ঞা অপসারণ করে



T-35099 OGC 2023 Jan Chancellor Regulation D-180 (Bangla)

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: D-180
বিষয়: **স্কুল ভবনের বর্ধিত ব্যবহার**
শ্রেণি: **কর্মী**
ইস্যুর তারিখ: 22 **ডিসেম্বর,** 2022

## সংজ্ঞাসমূহ

**বিকন প্রোগ্রাম:**

NYC ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলাপমেন্ট (DYCD) অর্থায়িত প্রোগ্রামসমূহ। বিকন কমিউনিটি সেন্টারগুলো বিকেলে ও সন্ধ্যায়, উইকঅ্যান্ড-এ (সপ্তাহান্তে), স্কুল ছুটি ও অবকাশের সময়, এবং সামার-এ (গ্রীষ্মে) ন্যূনতম ছয় (6) দিন এবং সপ্তাহে 42 ঘণ্টার জন্য পরিচালিত হয়। মিরিয়াড (Myriad) কমিউনিটি প্রোগ্রামগুলো শিক্ষার্থী ও বাসিন্দা (রেসিডেন্ট)-দের জন্য বিনামূল্যে প্রদান করা হয়।

**কাস্টোডিয়াল (জিম্মাদারি) পেরোল সিস্টেম (CPS):**

একটি অনলাইন, স্বয়ংক্রিয় ব্যবস্থা যা ব্যবহার করা হয় ব্যবহৃত পরিসর, পরিসরের ধরন এবং ব্যবহৃত দিন/সময়ের ভিত্তিতে জিম্মাদারি পরিষেবায় ব্যয়িত অর্থের পরিমাণ নির্ধারণের জন্য।

**কাস্টোডিয়াল এনটিটি (জিম্মাদারি কর্তৃপক্ষ):**

একটি স্কুলের কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার/বিল্ডিং ম্যানেজার বা তাদের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিগণ।

**এক্সটেনডেড ইউজ (বর্ধিত ব্যবহার):**

স্কুল, বহিরাগত সংগঠন এবং/অথবা কমিউনিটি-ভিত্তিক সংগঠন (CBO), অর্থাৎ "ব্যবহারকারী" (User) কর্তৃক নিয়মিত স্কুল সময় ও দিনের বাইরে যখন স্কুল অধিবেশন চালু নেই (সকালে ক্লাস বা নিয়মিত ব্রেকফাস্ট কর্মসূচি, দুপুরের অনেক পরে, সন্ধ্যায়, সপ্তাহান্তে এবং ছুটির দিনে) এই প্রবিধানের সাথে সামঞ্জস্য রেখে স্কুল ভবনের ব্যবহার।

**এক্সটেনডেড ইউজ পারমিট (বর্ধিত ব্যবহারের অনুমোদনপত্র):**

নিয়মিত স্কুলের সময় ও দিনের বাইরে স্কুল চালু না থাকাকালে কোনো কর্মকাণ্ডের জন্য স্থান সংরক্ষণ করতে একটি অনুমোদনপত্র (পারমিট) অবশ্যই সংগ্রহ করতে হবে। অনুমোদনপত্রের আবেদনপত্র স্কুল কর্তৃপক্ষ অনলাইনে পেতে ও পূরণ করতে পারবেন 'এক্সটেনডেড ইউজ' (বর্ধিত ব্যবহার) ওয়েব-এর মাধ্যমে। ব্যবহারকারী যখন স্থান সংরক্ষণের জন্য আবেদন করবেন, তখন তাকে অবশ্যই আবেদনপত্র পূরণ ও সই করতে হবে।

**বর্ধিত ব্যবহারের আবেদন প্রক্রিয়া:**

একটি অনলাইন সিস্টেম যা সংগঠন/ব্যবহারকারী আনুষ্ঠানিকভাবে স্কুল ভবন ব্যবহারের আবেদন জানাবার সুযোগ দেয়। এক্সটেনডেড ইউজ পারমিট অ্যাপ্লিকেশন প্রক্রিয়াকরণ ও পূরণ করার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত দেখুন

(https://www.schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/frequently-used-documents) ওয়েবসাইটে।

**OST – আউড অভ স্কুল টাইম (স্কুলের সময়ের পর):**

NYC ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলাপমেন্ট (DYCD) অর্থায়িত প্রোগ্রামসমূহ। OST প্রোগ্রামগুলো ছেলেমেয়েদের যে সময়টিতে তারা স্কুলে থাকেনা, অর্থাৎ স্কুল ছুটির পর, সপ্তাহান্তে ও ছুটির দিনগুলোতে, এবং স্কুলের ও সামার-এর (গ্রীষ্মের) (20) কুড়ি দিন পর্যন্ত, কিছুসংখ্যক কর্মকাণ্ডের সুযোগ প্রদান করে, যাতে তাদের পিতামাতা কাজে থাকাকালে তাদেরকে একটি নিরাপদ ও সহায়ক সামাজিক, মানসিক এবং বিদ্যায়তনিক পরিবেশে অগ্রগতিতে সহায়তা প্রদান করা যায়।

**স্থানের জন্য ফি:**

ব্যবহারকারীদের কর্মসূচি পরিচালনার জন্য ব্যবহার করা আবশ্যিক স্থান প্রস্তুত ও পরিচ্ছন্ন করতে জিম্মাদারি কর্তৃপক্ষের জন্য ব্যয়।

**স্পেস শিট (স্থানের বিবরণপত্র):**

ব্যবহৃত আবশ্যিক স্থান এবং/অথবা পরিষেবা রিপোর্টিং প্রক্রিয়ায় ব্যবহারের জন্য স্কুলের জিম্মাদারি কর্তৃপক্ষের প্রস্তুত করা ও ব্যবহারকারীর প্রত্যয়ন করা একটি ফর্ম (কোনো কোনো সময় *রিপোর্ট অভ অথরাইজড় স্পেস অ্যান্ড কাস্টোডিয়ান সার্ভিসেস রেনডার্ড ফর্ম* হিসেবে উল্লেখ করা হয়)। ব্যবহারের জন্য প্রকৃত চুক্তিভুক্ত ব্যয়ের পরিমাণ নির্ণয় করতে এবং বাড়তি শ্রমের পারিশ্রমিক প্রদানের জন্য প্রকৃত জিম্মাদারি ব্যয় হিসাব করতে এই রিপোর্ট ইস্যু করা হয়, অনুমোদিত পারমিট অ্যাপ্লিকেশন-এর উল্লেখ অনুযায়ী। আরও বিস্তারিত জানতে হলে স্পেস শিট (স্থানের বিবরণপত্র) এবং অ্যাকাউন্টিং ফর কাস্টোডিয়াল ফি (জিম্মাদারী ফি-এর হিসাব-নিকাশ) দেখুন (দেখা যাবে https://www.schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/frequently-used-documents ওয়েবপেজ-এ)।

**ব্যবহারকারী (User):**

যে কোনো ব্যক্তি, কমিউনিটি-বেজড় অর্গ্যানাইজেশন (CBO), কিংবা অপর কোনো গ্রুপ যারা বর্ধিত ব্যবহারের সময়ে কোনো স্কুল ভবন ব্যবহার করে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-180**
বিষয়: **স্কুল ভবনের বর্ধিত ব্যবহার**
শ্রেণি: **কর্মী**
ইস্যুর তারিখ: **22 ডিসেম্বর, 2022**

*সারসংক্ষেপ*

এই প্রবিধান স্কুল ভবনের বর্ধিত ব্যবহার নিয়ন্ত্রণ করে। এটা বিভিন্ন সংগঠন ও ব্যক্তিদের জন্য NYC পাবলিক স্কুল ভবনসমূহ নিয়মিত স্কুল চলার সময়ের বাইরে এবং সপ্তাহান্তিক ছুটি ও স্কুল অবকাশকালীন ছুটি থাকাকালে ব্যবহারের জন্য অনুসৃত নিয়ম প্রতিষ্ঠা। এটি এই বিষয়ে 'স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর' (মান পরিচালনা পদ্ধতি) চ্যাপ্টারকে রহিত করে।

## ভূমিকা

ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) পাবলিক স্কুলসমূহকে এই বর্ধিত ব্যবহার-নীতির সাথে সামঞ্জস্য রেখে ব্যবহার করতে উৎসাহিত করে। স্কুল ভবনের প্রিন্সিপ্যাল, কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার, বিল্ডিং ম্যানেজার (জিম্মাদারি কর্তৃপক্ষ), বর্ধিত ব্যবহার বিশেষজ্ঞ, সংশ্লিষ্ট গ্রুপ, স্কুল ব্যবহারে আগ্রহী ব্যক্তি এবং/অথবা প্রতিষ্ঠান, ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ (DSF), ডিভিশন অব ফাইন্যানশিয়াল অপারেশন্স (DFO), এবং বরো/সিটিওয়াইড অফিসগুলো (BCOs) হলো মুখ্য কর্তৃপক্ষ, যারা বর্ধিত ব্যবহার প্রক্রিয়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

## I. স্কুল ভবনসমূহের ব্যবহার

A. স্কুল ভবনের বর্ধিত ব্যবহার এই প্রবিধান, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইন § 414 এবং অপর সকল প্রযোজ্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন প্রতিপালন সাপেক্ষ।

B. স্কুলের পরিসীমানা মুখ্যতঃ DOE-এর প্রোগ্রাম ও কর্মকাণ্ডের জন্য ব্যবহার করতে হবে। DOE-এর প্রোগ্রাম ও কর্মকাণ্ডের জন্য ব্যবহারের পর স্কুলের পরিসীমানা ব্যবহারে অগ্রাধিকার দেওয়া হবে স্কুল কমিউনিটি, যুব ও বয়স্কদের কর্মকাণ্ডে।

C. এই প্রবিধানের অধীনে মঞ্জুর করা অনুমোদনপত্র (পারমিট) ব্যবহারকারীদের অনুষ্ঠান, কর্মসূচি বা কর্মকাণ্ড DOE-এর স্পন্সর করা বলে বোঝায় না।

D. যখন যুব গ্রুপগুলো স্কুলের পরিসীমানা ব্যবহার করে, তখন দায়বদ্ধ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে অবশ্যই সব সময় উপস্থিত থাকতে হবে।

E. ব্যক্তিগত প্রকৃতির অনুষ্ঠান (যেমন বিয়ে, শাওয়ার, এনগেজমেন্ট পার্টি, বার্থডে পার্টি) কঠোরভাবে নিষিদ্ধ।

F. অনুমোদনপত্র মঞ্জুর হতে পারে পাঠদান, শিক্ষণ, বা শিল্পকলার যে কোনো শাখায় নির্দেশনাদানের জন্য।

G. প্রযোজ্য আইন প্রতিপালনসাপেক্ষে অনুমোদনপত্র (পারমিট) মঞ্জুর হতে পারে নাগরিক ফোরাম ও কমিউনিটি সেন্টারগুলোর জন্য।

H. বিনোদন, বেসরকারি, অলাভজনক স্কুলসহ অংশগ্রহণকারী ছেলেমেয়েদের শারীরিক প্রশিক্ষণ এবং প্রতিযোগিতামূলক ক্রীড়া প্রশিক্ষণের জন্য অনুমোদনপত্র (পারমিট) মঞ্জুর করা হতে পারে।

I. সামাজিক, নাগরিক, এবং বিনোদনমূলক মিটিং ও বিনোদন অনুষ্ঠান এবং অন্যান্য কমিউনিটির মঙ্গলার্থে অনুষ্ঠান আয়োজনের জন্য অনুমোদনপত্র (পারমিট) মঞ্জুর হতে পারে। এমন সব ধরনের ব্যবহার হতে হবে নিয়ন্ত্রণহীন এবং জনসাধারণের জন্য উন্মুক্ত।

J. অনুমোদনপত্র মঞ্জুর করা হতে পারে PTA/PA সভাসমূহের জন্য। এ ধরনের মিটিংগুলি অবশ্যই কারো জন্য নিয়ন্ত্রিত হবে না এবং নিউ ইয়র্ক স্টেটের এডুকেশন আইন § 414 অনুযায়ী সাধারণ জনগণের জন্য খোলা থাকবে।

K. খেলার মাঠ, জিমন্যাসিয়াম, অডিটরিয়াম, সুইমিং পুল এবং অপর বড় বড় স্থানগুলো এমন কোনোভাবে ব্যবহার করা যাবে না যা অযৌক্তিকভাবে অপরের ব্যবহারে সীমাবদ্ধতার সৃষ্টি করে।

L. “টেইক দ্যা ফিল্ড”

'টেক দা ফিল্ড' খেলার মাঠগুলো নির্দিষ্ট CBO/ব্যবহারকারীগণ আর্থিক অভাব দেখালে কোনো অর্থ প্রদান ছাড়া পেতে পারে। বহিরাঙ্গন ব্যবহার অবশ্যই DOE-এর নিয়ম ও প্রক্রিয়া মেনে করতে হবে এবং সেটা অবশ্যই তখন অনুমোদন করতে হবে, যখন মাঠটির সাথে সংশ্লিষ্ট স্কুল ব্যবহার করছে না। এই ব্যবস্থাপনা প্রযুক্ত হবে শুধু খেলার মাঠের ক্ষেত্রে, স্কুল ভবনের অভ্যন্তরীন কোনো স্থানের ক্ষেত্রে নয়। যদি ব্যবহারকারী চান স্কুল ভবনের অভ্যন্তরীন স্থান ব্যবহার করতে যা শুধু শৌচাগারে সীমিত নয়, তাহলে প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই ফি পরিশোধ করতে হবে। “টেক দা ফিল্ড” প্রোগ্রাম-এর অধীনে বহু সংস্কারকৃত মাঠের সীমানার মধ্যেই অপসারণযোগ্য শৌচাগার রয়েছে।

কোনো খেলার মাঠের জন্য আবেদনের এবং অনুমোদনপত্রের (পারমিটের) প্রক্রিয়া শুরুর আগে অবশ্যই "টেক দা ফিল্ড" অর্গ্যানাইজেশনের সাথে 212-521-2232 নম্বরে যোগাযোগ করতে হবে। একজন প্রতিনিধি ব্যবহারকারীকে প্রক্রিয়াটি জুড়ে সহায়তা দেবেন যাতে নির্ণয় করা যায় যে সংগঠন/ব্যবহারকারী প্রযোজ্য ফি মওকুফের যোগ্য কি না।

M. চ্যান্সেলরের প্রবিধান A-650 অনুসারে (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-650---bengali.pdf ওয়েবসাইটে পাওয়া যায়) অনুমোদনপ্রাপ্ত ফ্লি মার্কেট (ব্যবহৃত পণ্যের বাজার) পরিচালনা ব্যতীত স্কুলের পরিসীমা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

N. এ ধরনের ব্যবহারের জন্য অনুমোদনপত্র (পারমিট) আইন অনুযায়ী মঞ্জুর করা হতে পারে।

O. স্কুল প্রাঙ্গনে কোন জুয়া খেলা অনুমোদিত নয়।

P. কোনো স্কুল ভবনে কোনো অ্যালকোহলযুক্ত পানীয় কোনো যুব বা প্রাপ্তবয়স্ক কর্তৃক বিক্রি, ব্যবহার, সেবন করা এবং/অথবা দখলে রাখা কঠোরভাবে নিষিদ্ধ।

Q. অনুমোদনপত্র (পারমিট) অনুযায়ী অনুমোদিত না হলে স্কুলের সীমানায় কোনো জলখাবার বিক্রি করা নিষিদ্ধ।

R. কোনো স্কুলের ভেতরে কোনো মিটিং বা কর্মসূচিতে জনসাধারণকে আমন্ত্রণকারী কোনো গ্রুপ বা সংগঠন চ্যান্সেলরের প্রবিধান A-830 (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/36421-a-830-10-19-2023-final-posted-bangla.pdf ওয়েবপেজ-এ পাওয়া যায়) অনুযায়ী অননুমোদিত বৈষম্যমূলক কারণে কাউকে বহিষ্কার করতে পারবে না। সে অনুযায়ী এমন কোনো গ্রুপ বা সংগঠনকে অবশ্যই DOE-এর অর্থব্যয় ছাড়া সে মিটিং বা প্রোগ্রামে প্রতিবন্ধিতাযুক্ত অংশগ্রহণকারী ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় প্রতিবন্ধিতা-সংক্রান্ত বিশেষ ব্যবস্থা আয়োজন করতে হবে। এ ধরনের বিশেষ ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে কোনো প্রাপ্তবয়স্ক স্টাফ রাখা যিনি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) অথবা স্টেট অফিস অভ চিল্ড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস অনুমোদিত বা পরিচালিত নিউ ইয়র্ক স্টেট মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং (MAT) কোর্স সম্পন্নকারীকে দিয়ে কোনো শিক্ষার্থীকে ওষুধ সেবন করান আইন অনুযায়ী অনুমোদিত।

S. অনুমোদনপত্র (পারমিট) মঞ্জুর করা হতে পারে বাইরের সংগঠন কর্তৃক স্পন্সর করা ধর্মীয় ক্লাবের শিক্ষার্থীদের জন্য অথবা অন্যভাবে এই প্রবিধানের শর্তগুলো অনুরূপ ভিত্তিতে পূরণ করার মাধ্যমে, যেভাবে শিক্ষার্থীদের জন্য বাইরের সংগঠনের স্পন্সর করা অপর ক্লাবগুলোকে অনুমোদনপত্র (পারমিট) মঞ্জুর করা হয়।

T. NYC স্কুল ভবন ব্যবহারের জন্য একটি অনুমোদনপত্র (পারমিট)-প্রাপ্ত কেউ স্কুল এলাকাকে ডাক ঠিকানা বা কার্যালয় হিসেবে ব্যবহার করতে পারবেন না।

U. অংশগ্রহণকারীদের আহত হওয়ার বিদ্যমান ঝুঁকির আলোকে, DOE যে কোনো অনুষ্ঠানের অনুমোদন প্রত্যাখ্যানের একক কর্তৃত্ব সংরক্ষণ করে।

V. এই প্রবিধান অথবা এর অংশবিশেষ রহিত করার অধিকার চ্যান্সেলর সংরক্ষণ করেন যা আইনানুযায়ী অন্যভাবে বাধ্যতামূলক নয়, যদি সেটা স্কুল ব্যবস্থার বৃহত্তর স্বার্থের অনুকূল বলে তিনি নির্ধারণ করেন। চ্যান্সেলর কর্তৃক রহিত করার অনুরোধ জানাতে হবে ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড প্ল্যানিং-এর দায়িত্বে নিয়োজিত ডেপুটি চ্যান্সেলরের কাছে।

## II. অনুমোদনপত্রের (পারমিটের) আবেদন পর্যালোচনা ও অনুমোদন

A. স্কুল পরিসীমা ব্যবহারের জন্য প্রত্যেক ব্যবহারকারী অবশ্যই একটি অনুমোদিত অনুমোদনপত্র (পারমিট) থাকতে হবে ('প্রসিডিওর ফর প্রসেসিং অ্যান্ড কমপ্লিটিং অ্যান এক্সটেনডেড ইউজ অ্যাপ্লিকেশন' দেখুন)।

B. ব্যবহারকারী স্থান ব্যবহার বাবদ এবং/অথবা সিকিউরিটি বাবদ ফি (প্রযোজ্য হলে) প্রদান করেন বা না করেন, বর্ধিত ব্যবহারের সময়সীমাতে স্কুল ভবন ব্যবহার করতে চাইলে প্রত্যেক ব্যবহারকারীকে অনুমোদনপত্র পূরণ করতে হবে।

C. নিয়মিত স্কুল সময়সূচির বা দিনের বাইরে স্কুলের অধিবেশন যখন চলমান নয়, তখন স্কুল ভবন ব্যবহার করতে হলে, কোনো পাবলিক চার্টার স্কুলকে অবশ্যই একটি অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনপত্র জমা দিতে হবে।

D. ব্যবহারের জন্য স্থান খালি থাকা এবং ব্যবহারকারীর এই প্রবিধানের শর্ত পূর্ণ করা সাপেক্ষে কোনো অনুমোদনপত্রের (পারমিটের) আবেদন মঞ্জুর বা প্রত্যাখ্যানের সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব প্রিন্সিপ্যালদের। প্রিন্সিপ্যালের সিদ্ধান্তগুলো সুপারিনটেনডেন্টদের টিম এবং সেন্ট্রাল DOE-এর পর্যালোচনা সাপেক্ষ।

E. কোনো প্রিন্সিপ্যাল বাইরের কোনো প্রতিষ্ঠানের জন্য কোনো স্কুল ভবন ব্যবহারের অনুমোদনপত্র (পারমিট) অনুমোদনের আগে সম্ভাব্য ব্যবহারকারী সম্পর্কে বিশদ যাচাই সম্পন্ন করতে হবে।

F. কোনো আবেদনপত্রই অনুমোদিত বলে গ্রাহ্য হবে না, যদি না তাতে ব্যবহারকারীর প্রতিনিধি, প্রিন্সিপ্যাল, এবং জিম্মাদারি কর্তৃপক্ষ (অথবা স্থলাভিষিক্ত ব্যক্তি)-এর অনুমোদন না থাকে।

G. অনুমোদনপত্র (পারমিট) হস্তান্তরযোগ্য নয়। অনুমোদনপত্র (পারমিট) লাভকারী কেউ অনুমোদনপত্র (পারমিট)-এর অন্তর্ভুক্ত কোনো স্থান অপর কোনো ব্যবহারকারীর কাছে হস্তান্তর করতে পারবে না।

H. ডিভিশন অভ স্কুল অপারেশনস্ বা সুপারিনটেনডেন্টদর টিমসমূহ দ্বারা অনুমোদিত না হলে পারমিত মধ্যরাতের পরে বর্ধিত করা যাবে না।

I. সূচিভূক্ত যে সময়ের জন্য অর্থ পরিশোধ করা হয়েছে, তার চেয়ে অতিরিক্ত সময়ের কোনো অনুমোদনপত্রের আবেদন গৃহীত হবে না। নবায়নের ক্ষেত্রে একটি নতুন আবেদনপত্র জমা দিতে হবে। কোনো অনুমোদনপত্রের (পারমিটের) দীর্ঘতম অনুমোদনযোগ্য সময়সীমা হলো বারো মাস; অর্থাৎ 1 জুলাই থেকে 30 জুন পর্যন্ত এক অর্থ বছর। অনুমোদনপত্র (পারমিট) এক অর্থ বছর অতিক্রম করতে পারবে না।

J. একটি অনুমোদনপত্র (পারমিট) সূচনা করা যেতে পারে কোনো অনুষ্ঠানের সূচিভুক্ত তারিখের কমপক্ষে 30 দিন আগে। যদি কোনো পারমিট ব্যবহার না হয়, তাহলে সংশ্লিষ্ট স্কুল, বর্ধিত ব্যবহার বিশেষজ্ঞ, কিংবা ব্যবহারকারীকে অবশ্যই তা মুছে দিতে হবে, কারণ পদক্ষেপ গ্রহণ না করা পর্যন্ত একটি অনুমোদনপত্র (পারমিট) সিস্টেমে থেকে যাবে। এটা প্রযোজ্য হবে না চুক্তিবদ্ধ নির্মাতার ক্ষেত্রে যে কোনো স্কুল/সাইট মেরামত এবং/অথবা নবায়নের জন্য দায়বদ্ধ। এ ধরনের চুক্তিবদ্ধ নির্মাতাকে স্কুল সময়ের পরে ভবনে প্রবেশ করতে অবশ্যই একটি অনুমোদনপত্র (পারমিট) নথিবদ্ধ করতে হবে। প্রিন্সিপ্যাল এবং জিম্মাদারি কর্তৃপক্ষের স্বীকৃতি পেলে এসব পাওনা পরিশোধিত অনুমোদনপত্র (পারমিট) সরাসরি DSF-এর কাছে জমা হয়।

K. ব্যবহারকারীকে বর্ধিত ব্যবহারের অনুমোদনপত্র (পারমিট) সই করার সময় অবশ্যই নিম্নলিখিত বিষয়ে সম্মত হতে হবে:

- ব্যবহারকারীর জ্ঞানত অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনে যে তথ্য দেওয়া হয়েছে, তা সম্পূর্ণ এবং সঠিক;
- মূল্য DOE কর্তৃক পরিবর্তন-সাপেক্ষ;
- এই প্রবিধানের এবং অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনপত্রের অন্তর্ভুক্ত সকল নিয়ম ও বিধান মেনে চলা;

- স্কুল ভবনের বর্ধিত ব্যবহার নিয়ন্ত্রণকারী প্রযোজ্য সকল আইন ও প্রবিধান প্রতিপালন করা;
- সব সময় কর্মকাণ্ডের যথাযথ তত্ত্বাবধান করা;
- যখন নিরাপত্তা/অপরাধমূলক ঘটনা ঘটে, তখন একটি ইউজার অর্গ্যানাইজেশন ইনসিডেন্ট রিপোর্ট (যা পাওয়া যাবে https://infohub.nyced.org/docs/default-source/default-document-library/user-organization-incident-report.pdf ওয়েবপেজ-এ) পূরণ করা এবং সেটাকে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এবং/অথবা কর্মরত থাকলে স্কুল সেফটি এজেন্ট (SSA)-এর কাছে কাছে জমা দেওয়া; এবং
- আবেদনকারীর কোনো অংশ, তার সদস্য, কর্মকর্তা, প্রতিনিধি, কিংবা স্থানটি ব্যবহারকারীর আমন্ত্রণক্রমে বা অনুমোদনক্রমে অপর কোনো ব্যবহারকারী ব্যক্তির কোনো কর্মকাণ্ডের কারণে সৃষ্ট সকল দাবি, ক্ষতি বা ভাঙচোর থেকে DOE-কে মুক্ত রাখা।

L. অসত্য, অসম্পূর্ণ, কিংবা বিভ্রান্তিকর তথ্য অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনপত্রে প্রদান করার কারণে, কিংবা প্রবিধান, পাশাপাশি প্রযোজ্য অপর সকল আইন ও প্রবিধান যা স্কুল ভবন ও মাঠের ব্যবহার নিয়ন্ত্রণ করে, সেসব শর্ত মেনে চলায় যে কোনো ধরনের ব্যর্থতার কারণে অনুমোদনপত্র (পারমিট) প্রত্যাহার, ভবিষ্যত অনুমোদনপত্রের আবেদনপত্র প্রত্যাখ্যানের এবং DOE কর্তৃক অন্য পদক্ষেপ গ্রহণের কারণ হতে পারে।

M. DOE যে কোনো সময় যে কোনো অনুমোদনপত্র (পারমিট) বাতিল বলে নির্ধারণ করতে পারে। জরুরি কিছু না থাকলে কমপক্ষে এক সপ্তাহের বিজ্ঞপ্তি দেওয়া হবে। বাতিলের ক্ষেত্রে DOE অনুমোদনপত্রের জন্য প্রদত্ত অর্থ আনুপাতিক হিসাবে ফেরত দেবে।

N. পর্যাপ্ত সংখ্যক শৌচাগার অবশ্যই প্রতিটি অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনে অন্তর্ভুক্ত করতে হবে। সম্ভাব্য ক্ষেত্রে প্রাপ্তবয়স্ক পুরুষ/নারী এবং ছেলে/মেয়েদের জন্য আলাদা আলাদা শৌচাগার রাখতে হবে।

O. যদি স্পেশাল সার্ভিস প্রয়োজন হয়, তাহলে ব্যবহারকারীকে অবশ্যই প্রিন্সিপ্যালের কাছে সে ধরনের সার্ভিস অনুমোদনের জন্য আবেদন জানাতে হবে। এসবের বাড়তি ব্যয়ের অর্থ পরিশোধের জন্য ব্যবহারকারী দায়বদ্ধ থাকবেন। এসব বাড়তি সার্ভিসের অন্তর্ভুক্ত হতে পারে নিম্নলিখিতগুলো, তবে তা এতেই সীমাবদ্ধ থাকবে না:

- শীতাতপ নিয়ন্ত্রণযন্ত্র ব্যবহারের জন্য যখন প্রয়োজন হবে, তখন যোগ্যতার সার্টিফিকেটধারী ব্যক্তিকে ব্যবহার করা;
- লাইটিং, সাউন্ড এবং স্টেজের সেট-এর যন্ত্রপাতি ব্যবহারের জন্য একজন প্রশিক্ষিত ওয়াকিবহাল ব্যক্তিকে নিযুক্ত করা।

## III. ঘটনা অবহিতকরণ

A. সকল স্বাস্থ্য, নিরাপত্তা, এবং চিকিৎসাগত ঘটনা যার অন্তর্ভুক্ত অপরাধমূলক বা অ-অপরাধমূলক ঘটনাসমূহ, তবে এতেই সীমিত নয়, সংঘটিত হলে DOE-বহির্ভূত ব্যবহারকারীকে প্রিন্সিপ্যাল, এবং স্কুল নিরাপত্তা কর্মী কর্মরত থাকলে তাকে অবশ্যই অবিলম্বে জানাতে হবে।

B. DOE-বহির্ভূত ব্যবহারকারীকে অবশ্যই একটি ইউজার ইনসিডেন্ট রিপোর্ট (পাওয়া যাবে https://infohub.nyced.org/docs/default-source/default-document-library/user-organization-incident-report.pdf ওয়েবসাইটে) পূরণ করতে এবং প্রিন্সিপ্যালের কাছে ঘটনার পরবর্তী এক (1) স্কুল দিবসের মধ্যে জমা দিতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ঘটনা সম্পর্কিত তথ্য প্রদান করতে হবে অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS)-এর মাধ্যমে।

## IV. স্কুল পরিসীমাভুক্ত স্থান ও সম্পদের রক্ষণাবেক্ষণ

A. স্কুল পরিসীমা ব্যবহারে ব্যবহারকারীদেরকে অবশ্যই সর্বোচ্চ যত্ন নিতে হবে; ব্যবহারের কারণে স্কুল পরিসীমার কোনো অংশ ক্ষতিগ্রস্থ হলে সেটা মেরামত করতে হবে; আবেদনকারীর কোনো অংশ, তার সদস্য, কর্মকর্তা, কর্মচারী, এবং প্রতিনিধি, কিংবা স্থানটি ব্যবহারকারীর আমন্ত্রণক্রমে বা অনুমোদনক্রমে অপর কোনো ব্যবহারকারী ব্যক্তির কোনো কর্মকাণ্ডের কারণে সৃষ্ট সকল দাবি, ক্ষতি বা ভাঙচোর থেকে DOE-কে মুক্ত রাখতে হবে।

B. ক্লাসরুম এবং অফিস অবশ্যই যে অবস্থায় গ্রহণ করেছিলেন, সে অবস্থায়ই রেখা আসতে হবে। প্রদর্শনী, কাগজপত্র ইত্যাদি অবশ্যই সরানো যাবে না। যদি ডেস্ক সরানো হয়ে থাকে, তাহলে রুম ত্যাগ করার আগে সেগুলোকে মূল অবস্থানে ফিরিয়ে আনতে হবে।

C. যদি না DSF-এর কাছে থেকে লিখিত অনুমতি নেওয়া হয়, তাহলে ফিজিক্যাল প্ল্যান্ট সিস্টেমে (যেমন ইলেক্ট্রিক্যাল, হিটিং, ভেন্টিলেশন, এয়ার কন্ডিশনিং (HVAC), প্লামিং বা আর্কিটেকচারাল) স্থায়ী হোক বা সাময়িক, কোনো আধুনিকায়ন বা পরিবর্তন নিষিদ্ধ।

D. সাইন, ব্যানার, এবং পোস্টারের ব্যবহার সম্পর্কিত নিচের নিয়মগুলি প্রযোজ্য হবে:

1. সাইন, ব্যানার এবং পোস্টার বা অনুমোদিত কর্মকাণ্ডের অপর কোনো বিজ্ঞপ্তি স্কুলের সম্পত্তিতে দেওয়া যাবে না, এর মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত, তবে তা এতেই সীমিত নয়, দেওয়াল, গেট, থাম, দরজা, জানালা, মেঝে, এলিভেটর, ভবনের বহিরাংশ, সাইডওয়াক, জরুরি টেলিফোন, লাইট স্ট্যান্ড এবং গাছ, এগুলো ব্যতীত সেগুলো কর্মকাণ্ড চলাকালে শুধু কর্মসূচি পরিচালনার কক্ষ চিহ্নিত করার কাজে ইনডোর বা আউটডোর নোটিস বোর্ড, ডিসপ্লে কেস কিংবা প্রিন্সিপ্যাল নির্দেশিত যে কোনো স্থানে লাগানো যেতে পারে।

2. যদি না কর্মকাণ্ডটি স্কুল, DOE, অথবা নিউ ইয়র্ক সিটি কর্তৃক স্পন্সরকৃত ও সমর্থিত হয়, তাহলে ব্যবহারকারীকে মিডিয়া ও ইন্টারনেট ব্যবহারসহ সকল পাবলিক নোটিস বা অপর উপকরণসমূহে নিচের দায়মোচন বিবৃতি প্রদান করতে হবে, যাতে যে স্কুলের মাঠে কর্মকাণ্ড হবে, সে স্কুলের নাম বা স্কুলের ঠিকানা অন্তর্ভুক্ত করতে হবে, এবং কর্মকাণ্ড চলাকালে স্কুলের ভেতরে ও বাইরে কোনো ফলক ঝুলান হলে তাতেও থাকতে হবে।

   "এই কর্মকান্ডটি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন অথবা সিটি অব নিউ ইয়র্ক কর্তৃক স্পনসরকৃত অথবা স্বীকৃত নয়।"

3. পাবলিক নোটিস বা উপকরণে যে অক্ষর ব্যবহার করা হয়, হুবহু একই ধরনের ও একই আকৃতির অক্ষর ব্যবহার করে বিবৃতিটি স্পষ্টভাবে প্রদর্শন করতে হবে। কর্মকাণ্ডের ঠিকানা চিহ্নিত করায়

স্কুলের নাম ব্যবহার করা নিষিদ্ধ এবং DOE, স্কুল এবং/অথবা স্কুলের কর্মকর্তাদের দ্বারা স্পন্সর করা ও স্বীকৃতি দেওয়ার ধারণা সৃষ্টি করা যাবে না।

4. অন্য বিবেচ্য বিষয়সমূহ:

- কোনো বিবৃতি প্রকাশের আগে স্কুল প্রিন্সিপ্যালের অনুমোদন অবশ্যই নিতে হবে।
- স্কুল এলাকায় পোস্ট করা সকল উপকরণে তথ্য বিতরণের জন্য দায়বদ্ধ ব্যক্তি বা সংগঠনকে চিহ্নিত করতে হবে।
- স্কুল এলাকায় পোস্ট করা কোনো উপকরণে কোনো ব্যক্তি বা দলকে অবমাননা বা উপহাস করা যাবে না।
- স্কুলের সম্পত্তিতে কোনো বেসরকারি, বাণিজ্যিক কর্মকাণ্ড সম্পর্কে বিজ্ঞাপন দেওয়া যাবে না।

## V. স্কুলের স্থান ব্যবহারের জন্য চুক্তিবদ্ধ ব্যয়/প্রদেয় অর্থ হস্তান্তর

A. যেহেতু DOE স্কুলের বর্ধিত ব্যবহারের কারণে স্কুলের জন্য বাড়তি কোনো মূল্য (লভ্যাংশ বা ওভারহেড) আদায় করা হয় না, সেহেতু চুক্তি অনুযায়ী ধার্য ব্যয়/ফি (DOE ও কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার্স লোকাল 891-এর মধ্যস্থ যৌথ দরকষাকষি চুক্তি অনুযায়ী নির্ধারিত), অর্থাৎ কাস্টোডিয়াল সার্ভিসের জন্য নিয়মিত স্কুলের দিনে স্কুলের সময়সূচির বাইরে এবং সপ্তাহান্তে, ছুটির দিনে এবং স্কুল অধিবেশন চালু না থাকাকালে যে অর্থ পরিশোধ করতে হয়, সেটার দায় হস্তান্তর করা হয়। এসব ব্যয় বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে ভিন্ন হয়, যেমন প্রয়োজনীয় স্থানের ধরন, দিনের কোন সময়টিতে এবং কতদিন ব্যবহার করা হবে। বর্ধিত ব্যবহারের ফি কম ব্যয়বহুল হতে পারে যদি কর্মকাণ্ড এমন সময়ের মধ্যে পরিকল্পিত হয় যে সময় (যেমন স্কুল দিবসে 3:00 থেকে 6:00 p.m., এ সময় বাড়তি ফি প্রযোজ্য হয় না) বাড়তি শ্রম ব্যবহার কম হয়। সাধারণত 4:00 p.m.-এর পরে স্কুল সেফটি এজেন্ট প্রদত্ত সিকিউরিটি সার্ভিসের (নিরাপত্তা পরিষেবার) চুক্তিবদ্ধ ব্যয়ভার সকল স্কুলের ক্ষেত্রে ব্যবহারকারীদের উপর অর্পিত হয়।

B. এই প্রবিধানে উল্লিখিত ব্যতিক্রম ছাড়া সকল ব্যক্তি ও সংগঠন, যেমন ইউনিয়ন, কমিউনিটি-ভিত্তিক সংগঠন (CBO), অন্যান্য সরকারি প্রতিষ্ঠান, নির্বাচিত কর্মকর্তা যিনি অনুমোদনযোগ্য কর্মকাণ্ড পরিচালনা করেন যা সরাসরি স্কুল বা DOE দ্বারা নিয়োজিত হয় না, এমন কি কর্মকাণ্ডে স্কুলের শিক্ষার্থী, স্টাফ বা পিতামাতা সংশ্লিষ্ট থাকলেও, তাদের দ্বারা স্কুলের স্থান ব্যবহারের ফি পরিশোধ করা বাধ্যতামূলক। স্কুলের জন্য প্রযোজ্য ফি নিয়ন্ত্রণ করেন কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার ও বিল্ডিং ম্যানেজারগণ। ব্যবহৃত পরিসরের পরিমাণ, পরিসরের ধরন এবং ব্যবহৃত দিন/সময়ের ভিত্তিতে DOE- এ স্বয়ংক্রিয় CPS ব্যবস্থা জিম্মাদারি পরিষেবায় ব্যয়িত অর্থের পরিমাণ নির্ধারণ করে।

C. ফি-এর কোনো অংশ সরাসরি বা পরোক্ষভাবে সুবিধাদানের জন্য বা এমন কোনো অ্যাকাউন্টে জমা দেওয়া যাবেনা যাতে জিম্মাদারি কর্তৃপক্ষ সুবিধা ভোগ করে।

D. বাতিল করা ও ফেরত দেওয়া

যদি কোনো সূচিভুক্ত স্কুল ব্যবহার বাতিল কতে হয়, তাহলে ব্যবহারকারীকে অবশ্যই বর্ধিত ব্যবহার এবং সংশ্লিষ্ট স্কুলের জিম্মাদারি কর্তৃপক্ষকে সূচিভুক্ত কার্মকাণ্ডের কমপক্ষে এক সপ্তাহ আগে এমন বাতিলকরণের কথা জানাতে হবে। ব্যবহারকারী সময়সূচি পরিবর্তন করতে পারেন, যা হলো

অগ্রবিবেচ্য বিকল্প, কিংবা সংশ্লিষ্ট এক্সটেন্ডেড ইউজ স্পেশালিস্ট-এর কাছে অর্থ ফেরত চাইতে পারেন। বাতিলকরণ সম্পর্কে এক সপ্তাহ আগে জানাতে ব্যর্থ হলে কর্মকাণ্ডের সময়সূচির তারিখের জন্য ফি-এর 15% অর্থ কেটে রাখা হবে। অর্থ ফেরতদানের জন্য পরিশোধকারীকে অবশ্যই একটি W-9 ফর্ম পূরণ করতে হবে যা পাওয়া যেতে পারে https://a127-pip.nyc.gov/LoginExternal/Forms/Substitute_W_9_Certification_Form.pdf ওয়েবপেজ-এ এবং ফর্ম-এ দেওয়া নির্দেশনা অনুযায়ী কমপ্ট্রোলার অফিসে ফ্যাক্স বা ডাকযোগে সেটা জমা দিতে হবে। তদুপরি, স্কুল বা এক্সটেন্ডেড ইউজ স্পেশালিস্ট-কে অবশ্যই অনুমোদনপত্রে (পারমিটে) হিসাব অন্তর্ভুক্ত করতে হবে এবং অর্থ ফেরত দেওয়ার জন্য DFO-এর ব্যুরো অভ ফাইন্যানশিয়াল ম্যানেজমেন্ট অ্যান্ড রিপোর্টিং-এ ইস্যুর জন্য অনুরোধ জানাতে হবে।

## VI. স্পেশালাইজড্ রুম ও ইকুইপমেন্ট ব্যবহার

A. এই প্রবিধান অনুসারে যেখানে DOE কর্মচারীর সার্ভিস ব্যবহার প্রয়োজন হবে, সেসব ক্ষেত্রগুলোতে ব্যবহারকারী এর সকল ব্যয়ভার বহন করতে হবে। বর্ধিত ব্যবহার বিশেষজ্ঞ এবং সংশ্লিষ্ট স্কুলগুলো সংশ্লিষ্ট কর্মচারীর চলমান চুক্তিবদ্ধ সেশনপ্রতি নির্ধারিত পারিশ্রমিকের হার অনুযায়ী নির্ণয় করবে।

B. যখন শপ রুম, হোম ইকোনোমিক্স রুম, কিংবা স্পেশাল ইকুইপমেন্ট-সজ্জিত অনুরূপ রুম প্রয়োজন হবে, লাইসেন্সধারী DOE স্টাফ অবশ্যই নিয়োজিত করতে হবে। একজন DOE শিক্ষক এবং/অথবা জিম্মাদারি কর্তৃপক্ষ/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই স্টেজ লাইটিং এবং অডিও/ভিজুয়াল যন্ত্রপাতির মতো স্কুল ইকুইপমেন্ট চালনা করার জন্য ব্যবহার করতে হবে। প্রিন্সিপ্যালের আগাম লিখিত অনুমোদন নিতে হবে এবং সেটার একটা কপি অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

C. যেক্ষেত্রে খাবার তৈরির জন্য কিচেনের ইকুইপমেন্ট ব্যবহারের প্রয়োজন হবে, একজন অফিস অভ ফুড অ্যান্ড নিউট্রিশন সার্ভিসেস্ (OFNS) নিযুক্ত করতে হবে।

D. সুইমিং পুল ব্যবহারের জন্য প্রতি 25 জন পুল-অংশগ্রহণকারী পিছু একজন করে DOE-লাইসেন্সধারী সাঁতার শিক্ষক বা একজন চলমান রেড ক্রস ওয়াটার সেফটি ইনস্ট্রাক্টর্স সার্টিফিকেটসম্পন্ন লাইসেন্সধারী DOE শিক্ষককে নিয়োজিত করতে হবে। সকল শিক্ষানির্দেশনাবিহির্ভূত পুল কর্মকাণ্ডে অংশগ্রহণকারীকে (স্কুবা ডাইভিং নির্দেশনা ব্যতীত) অবশ্যই মাথা ও কাঁধ পানির উপরে রাখতে এবং পুলের অগভীর পার্শ্বে থাকতে হবে। কখনই একবারে 40 জনের অধিক ব্যক্তি পুল ব্যবহার করতে পারবে না। সুইমিং পুল ব্যবহার ও পরিচালনার সাথে সংশ্লিষ্ট সকল প্রযোজ্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ এবং DOHMH প্রবিধান অবশ্যই সব সময় মেনে চলতে হবে। এ ধরনের প্রবিধান নিম্নলিখিতগুলোকে অন্তর্ভুক্ত করে, তবে তা সেগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- সকল DOE সুইমিং পুল-এ অবশ্যই 'লেভেল II অ্যাকুয়াটিক সুপারভিশন' থাকতে হবে; এবং
- অ্যাকুয়াটিক সুপারভাইজরি স্টাফকে পুলের পাশে পুল ব্যবহারকারীদের সরাসরি তত্ত্বাবধানের জন্য থাকতে হবে। যেসব কর্মকাণ্ডে পুল অংশগ্রহণকারীদের সরাসরি সংশ্লিষ্টতা আছে, শুধু সেসব ক্ষেত্রে দায়িত্বশীল অ্যাকুয়াটিক সুপারভাইজরি স্টাফ নিযুক্ত করতে হবে।
- যখন সাঁতার শেখা কর্মসূচি, শরীরচর্চা শিক্ষার ক্লাস এবং সাঁতারের টিমের কর্মকাণ্ড হয়, এবং বাধ্যতামূলক তত্ত্বাবধানকারী স্টাফ নির্দেশনা প্রদান করেন, তখন নির্দেশনা কর্মকাণ্ড তত্ত্বাবধানকারী

প্রত্যেক অ্যাকুয়াটিক সুপারভাইজারি স্টাফের সাথে কমপক্ষে একজন করে সুপারভাইজরি লেভেল III যোগ্যতাসম্পন্ন বাড়তি স্টাফ থাকতে হবে।

- নির্দেশনাদানকালে যখন পুল কর্মকাণ্ডে অংশগ্রহণকারীদের সরাসরি তত্ত্বাবধান করার জন্য সুপারভিশন লেভেল II-কে সহায়তা করতে একজন সুপারভাইজরি লেভেল III স্টাফ নিযুক্ত করা করা হবে, সুপারভিশন লেভেল III স্টাফকে অবশ্যই 10 N.Y.C.R.R. অনুযায়ী অ্যাকুয়াটিক ইনজুরি প্রিভেনশন অ্যান্ড ইমার্জেন্সি রেসপন্স সার্টিফিকেটের অধিকারী হতে হবে। § 6-1.31(c)(2).
- প্রতিটি পুলের লিখিত পলিসি সেফটি প্ল্যান-এ অবশ্যই বিবৃত থাকতে হবে দায়িত্বসমূহ, পুলের পাশে অবস্থানস্থল, এবং সুপারভিশন লেভেল II এবং III স্টাফদের মধ্যে ক্রিয়া-প্রতিক্রিয়া যা স্নানরতদের পর্যাপ্ত তত্ত্বাবধান ও জরুরি অবস্থায় সাড়াদান ব্যবস্থা নিশ্চিত করে।
- প্রতিটি পুল-এ সাঁতারের জন্য বর্ধিত ব্যবহারের আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই উপরোক্ত বাধ্যতামূলক সনদপত্রের ফটোকপি এবং তত্ত্বাবধানকারী স্টাফদের যাদেরকে আবেদনকারী ব্যবহার করবে, তাদের ফটোযুক্ত পরিচয়পত্র জমা দিতে হবে। যদি তত্ত্বাবধানকারী কর্মকর্তার পরিবর্তন হয়, তাহলে অনুমোদনপত্র গ্রহিতাকে অবশ্যই উপরোক্ত হালনাগাদকৃত সনদপত্রের কপি ও ফটোযুক্ত পরিচয়পত্র জমা দিতে হবে। সকল তত্ত্বাবধানকারী স্টাফ যখন DOE সুইমিং পুল-এ দায়িত্বরত থাকবেন, তখন অবশ্যই ফটোযুক্ত পরিচয়পত্র তাদের সাথে থাকতে হবে।
- স্কুবা ডাইভিং প্রশিক্ষকদের অবশ্যই একটি লাইসেন্স বা সনদ থাকতে হবে যাতে বিশেষ প্রশিক্ষণের কথা উল্লেখ থাকে। স্কুবা ডাইভিং প্রশিক্ষণের জন্য পুল-এ অংশগ্রহণকারী প্রতি আটজন (৪)-এর সাথে একজন প্রশিক্ষক নিযুক্ত থাকতে হবে।

## VII. নিরাপত্তা

A. DOE স্পন্সরকৃত সকল অনুষ্ঠানের জন্য অবশ্যই নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট স্কুল সেফটি ডিভিশন (NYPDSSD)-কে নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।

B. DOE-বহির্ভূত স্পন্সরকারীর অনুষ্ঠানগুলোতে অবশ্যই পর্যাপ্ত নিরাপত্তা ও অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের ভালোমন্দ ও স্কুলের সম্পদের সুরক্ষার ব্যবস্থা থাকতে হবে। একটি অনুমোদনপত্র (পারমিট) মঞ্জুর করার আগে প্রিন্সিপ্যালকে নির্ধারণ করতে হবে কর্মকাণ্ডের ধরন হিসেবে প্রস্তাবিত নিরাপত্তার ব্যবস্থা পর্যাপ্ত কি না। একজন প্রিন্সিপ্যালকে নির্ধারণ করতে হবে যে, পরিস্থিতি যদি এমন হয় যে বর্ধিত নিরাপত্তা ঝুঁকি রয়েছে (যেমন যখন বৃহত্তরসংখ্যক উপস্থিতি প্রত্যাশিত হয়), তাহলে ব্যবহারকারীকে অবশ্যই NYPDSSD নিযুক্ত করতে ও তার ব্যয়ভার বহন করতে হবে।

C. নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে প্রশ্ন থাকলে জবাবের জন্য যেতে হবে হয় বর্ধিত ব্যবহার না-হয় এক্সটারনাল প্রোগ্রাম কোঅর্ডিনেটরের কাছে।

SSA কভারেজ-এর অনুরোধ ও স্পেস শিট কীভাবে প্রক্রিয়াকরণ করতে হয় এবং বাধ্যতামূলক পরিষেবার জন্য কীভাবে অর্থ পরিশোধ করতে হয়, সে বিষয়ে কাস্টোডিয়াল ফি-এর (লিংক উপরে দেয়া হয়েছে) হিসাব সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে বর্ধিত ব্যবহারের

আবেদনপত্র তথা এক্সটেন্ডেড ইউজ্ অ্যাপ্লিকেশন (লিংক উপরে দেয়া হয়েছে) প্রক্রিয়াকরণ ও পূরণ করার প্রক্রিয়া দেখুন।

## VIII. বিমা (ইন্স্যুরেন্স)

A. DOE নিম্নলিখিত অনুষ্ঠান ও কর্মকাণ্ডের জন্য ইন্স্যুরেন্স-এর আবশ্যিকতা বাধ্যতামূলক করেছে:

**সামার ক্যাম্প** - সেকশন XIV.A দেখুন

**কার্নিভাল** – সেকশন XIV.B দেখুন

**ফ্লি মার্কেট** – সেকশন XIV.C দেখুন

**বক্সিং, রেসলিং এবং মার্শাল আর্টস্** – সেকশন XIII.C দেখুন

**দৈহিক সংস্পর্শযুক্ত কর্মকাণ্ড** – সেকশন XIV.D দেখুন

B. কোনো ব্যবহারকারী যিনি এমন একটি কর্মকাণ্ড বা অনুষ্ঠানের অনুমোদনপত্রের (পারমিটের) আবেদন করছেন যা উপরের VIII.A. তালিকার বাইরে, সেক্ষেত্রে DOE প্রতিটি দুর্ঘটনার ক্ষেত্রে নিম্নতম $1,000,000-এর একটি কমার্শিয়াল জেনারেল লায়াবিলিটি ইন্স্যুরেন্স পলিসি বাধ্যতামূলক করতে পারে। এ ধরনের পলিসিতে DOE এবং সিটি অভ নিউ ইয়র্ক-এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের অতিরিক্ত বিমাকৃত হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। পারমিট-এর জন্য আবেদনকারী সংগঠনকে অবশ্যই তাদের ইন্স্যুরেন্স ব্রোকারকে জানাতে হবে যে এ ধরনের বাড়তি বিমাকৃতদের অন্তর্ভুক্তি অবশ্যই ইন্স্যুরেন্স ব্যবসা জগতে প্রচলিত 'ইন্স্যুরেন্স সার্ভিস অফিস (ISO) ফর্ম CG 20 26'-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। যে কোনো অনুষ্ঠানের আগে এবং শর্ত হিশেবে ব্যবহারকারীকে একটি সার্টিফিকেট অভ ইন্স্যুরেন্স প্রিন্সিপ্যালের কাছে দিতে হবে যা এ ধরনের ইন্স্যুরেন্সের প্রমাণ দেয়।

## IX. কেন্দ্রীয় DOE দ্বারা পরিশোধিত ফি (কেন্দ্রীয় বাজেটভুক্ত হিসাব বহির্ভূত)

A. নিম্নলিখিত বিষয়গুলোর জন্য অর্থ দাবি করা যাবে না:

1. অর্থ ফেরতযোগ্য প্রোগ্রাম বা গ্র্যান্ট (মঞ্জুরি) যা স্কুলের স্থানের বর্ধিত ব্যবহারের জন্য সরাসরি পূর্ণ অর্থায়ন করে।

2. যেসব কর্মকাণ্ড স্কুল কর্তৃক স্বীকৃত, স্কুলের জন্য সম্পাদিত বা স্কুলের সাথে অংশীদারিত্বের মাধ্যমে পরিচালিত হয়। এসব কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত আছে নিম্নলিখিতগুলো, তবে তা এগুলোতেই সীমিত নয়:

- পিতামাতাদের মিটিং বা ফোরাম;
- ওপেন স্কুল উইক বা প্যারেন্ট/টিচার কনফারেন্স-এর সাথে সংশ্লিষ্ট কর্মকাণ্ড;
- কমিউনিটি/সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলসমূহের পাবলিক মিটিং;
- বিকন প্রোগ্রাম;
- আউট-অভ-স্কুল টাইম (স্কুল সময় বহির্ভূত সময়, OST)-এর কর্মকাণ্ড; এবং
- স্কুল ক্লাব এবং স্কুলের স্পন্সর করা অন্যান্য অনুষ্ঠান।

3. PTA/PA স্কুল চালু থাকা সময়ের বাইরে বছরে একশত দশ (110) ঘণ্টার জন্য নিরাপত্তা বা সুরক্ষা সুবিধাসহ স্কুল ভবন ফ্রি ব্যবহার সুবিধা লাভ করার অধিকারসম্পন্ন। এসব ঘণ্টা প্রযোজ্য হয় প্রতি বছর বারো (12) মাসের জন্য এবং তা হস্তান্তরযোগ্য নয়। যদি কোনো স্কুলে একাধিক PA থাকে, তাহলে প্রতিটির বছরে একশত দশ (110) ঘণ্টার পুরোটাই পাওয়ার অধিকার আছে। চ্যান্সলরের প্রবিধান A-660 দেখুন (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-660-bengali ওয়েবসাইটে পাওয়া যাবে)।

4. বিরল পরিস্থিতিতে, কোনও উদ্দিষ্ট স্কুল ও কমিউনিটির শিক্ষার্থী ও পিতামাতাদের প্রতি সরাসরি প্রদানকৃত শিক্ষায়তনিক পরিষেবামূলক স্কুলের বিদ্যমান পাঠ্যক্রমের সম্পূরক কিংবা পরিপূরক কোনও কর্মকাণ্ডের জন্য, কোনও বাহ্যিক প্রতিষ্ঠানের প্রতি বর্ধিত ব্যবহারের (এক্সটেন্ডেড ইউজ্) প্রদেয় অর্থ, যখন স্কুলের প্রিন্সিপ্যাল স্কুলের বাজেট থেকে এই দাবীকৃত প্রদেয় অর্থ পরিশোধ অনুমোদন করে, তখন স্কুলের বাজেট থেকে অর্থায়ন করা যেতে পারে।

5. মার্জনাযোগ্য পরিস্থিতির ক্ষেত্রে ব্যবহারকারী অনুরোধ জানালে 65 Court Street, Room 1801, Brooklyn, NY 11201 ঠিকানায় অবস্থিত DFO-এর এক্সিকিউটিভ ডিরেক্টর কেন্দ্রীয়ভাবে অর্পিত ব্যয়ের জন্য তহবিল মঞ্জুর করতে পারেন।

   এই অনুরোধ জানাবার আগে, বহিরাগত সংগঠনগুলোকে নিশ্চিত করতে হবে যে নিম্নলিখিত বিষয়গুলোর ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে:

   - ব্যবহারকারী/সংগঠন কি একটি অলাভজনক, § 501 (c)(3), সংগঠন?
   - কর্মকাণ্ডটি কী 3:00 p.m. এবং 6:00 p.m.-এর মধ্যে অনুষ্ঠিত হবে?
   - কর্মকাণ্ড/সংগঠন সংশ্লিষ্ট স্কুলের প্রিন্সিপ্যাল কর্তৃক কি লিখিতভাবে অনুমোদন লাভ করেছে?
   - কর্মকাণ্ডটি কি স্কুলে সংশ্লিষ্ট স্কুল ও কমিউনিটির বিদ্যমান পাঠ্যক্রমে শিক্ষার্থী ও পিতামাতাদেরকে প্রত্যক্ষ শিক্ষাগত পরিষেবায় কোনো পরিপূরক বা সম্পূরক সহায়তা প্রদান করে?
   - কর্মকাণ্ড/সংগঠন কি কোনো বিশেষ প্রকারের পরিষেবা প্রদান করে যা বর্ধিত ব্যবহারের ফি/ব্যয়ের জন্য পরিশোধিত অর্থের সমান বা অধিক?
   - ব্যবহারকারী কি অতীত ইতিহাস উপস্থাপন করতে পারবেন যা আমাদেরকে এই ভর্তুকির আবেদন মূল্যায়নে সহায়তা করবে?
   - ব্যবহারকারী কি প্রমাণ করতে পারবেন (আর্থিক বিবৃতি এবং অপর সহায়ক নথি দিয়ে) যে ফি প্রদান করার ফলে সংগঠনটি মারাত্মক আর্থিক সংকটে নিপতিত হবে?

## X. ফায়ার রেগুলেশন

বিক্রিত টিকেট বা প্রবেশকারী মানুষের সংখ্যা কোনোভাবেই সংশ্লিষ্ট স্থানের জন্য ফায়ার রেগুলেশন (অগ্নি-নিরাপত্তা বিষয়ক প্রবিধান)-এ তালিকাভুক্ত সংখ্যা অতিক্রম করতে পারবে না।

## XI. ফান্ড-রেইজিং/অনুদান/প্রবেশ মূল্য

A. যদি ব্যবহারকারী কোনো প্রবেশমূল্য (এবং/অথবা কোনো অনুষ্ঠানের জন্য আগে টিকেট বিক্রি করে থাকেন), কিংবা অর্থ গ্রহণ বা সংগ্রহ করেন, কিংবা অনুদান দিতে বলেন কিংবা কোনো ধরনের ফান্ড-রেইজি (তহবিল সংগ্রহ) কর্মকাণ্ড করেন (এর অন্তর্ভুক্ত আছে হাল্কা খাবার বিক্রি, তবে তা এতেই সীমিত নয়):

1. নিট আয় (ব্যয় বিয়োজনের পর প্রকৃত আয়) অবশ্যই কোনো দাতব্য বা শিক্ষাগত লাভের জন্য ব্যয় করতে হবে, এর অন্যথায় কোনো সোসাইটি বা সমিতি বা ধর্মীয় গোষ্ঠীর সংগঠন বা সম্প্রদায়ের লাভের জন্য, কিংবা যুক্তরাষ্ট্রের সাবেক মিলিটারি, নেভি বা ম্যারিনদের বা স্বেচ্ছাসেবী ফায়ারফাইটার বা স্বেচ্ছাসেবী অ্যাম্বুলেন্স ওয়ার্কারদের সংগঠন ব্যতীত কোনো গোপন বা শুধু নির্দিষ্ট শ্রেণী হিসেবে উল্লিখিতদের সোসাইটি বা সংগঠনের কল্যাণের কাজে ব্যবহার করা যাবে না।

2. অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনপত্রে অবশ্যই প্রবেশমূল্য (প্রযোজ্য হলে); এবং প্রবেশমূল্য, অনুদানের অনুরোধ ও অনুদান থেকে সংগৃহীত উদ্বৃত্ত অর্থ পাওয়ার জন্য নির্ধারিত সংগঠনের নাম উল্লেখ থাকতে হবে।

3. নিম্নলিখিতগুলোকে অবশ্যই চূড়ান্ত অনুমোদনের আগে অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনপত্রে সংযুক্ত করতে এবং সংশ্লিষ্ট বর্ধিত ব্যবহার বিশেষজ্ঞের কাছে জমা থাকতে হবে:

   - যে দাতব্য বা শিক্ষামূলক সংগঠন সংগৃহীত অর্থ পাবে, সে সংগঠনের অফিশিয়াল স্টেশনারি (প্যাড, সীলমোহর ইত্যাদি) ব্যবহার করে লিখিত এই মর্মে একটি চিঠি যে, তারা ফান্ড-রেইজিং অনুষ্ঠানের অনুমোদন দিয়েছে এবং সংগৃহীত অর্থ তারা স্বীকৃত দাতব্য বা শিক্ষামূলক উদ্দেশ্যে ব্যয় করবে। চিঠিতে অবশ্যই সেই নির্দিষ্ট উদ্দেশ্য বিশেষভাবে উল্লেখ করতে হবে (যেমন একটি সিনিয়র সিটিজেন প্রোগ্রামে সহায়তা প্রদান করা);
   - ব্যবহারকারী কর্তৃক একটি সংক্ষিপ্ত খরচের তালিকা এবং প্রত্যাশিত আয়ের হিসাব; এবং,
   - সংগৃহীত অর্থ গ্রাহকের কাছ থেকে একটি § 501(c)(3) ট্যাক্স অ্যাকসেম্পট্ অ্যাপ্রুভাল (কর মওকুফের অনুমোদন) ফর্ম (DOE-বহির্ভূত সংগঠনের জন্য)।

**XII. রাজনৈতিক ও নির্বাচন সংক্রান্ত কর্মকাণ্ড** (চ্যান্সেলরের প্রবিধান D-130 দেখুন যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/d-130-4-29-2021-final-posted ওয়েব পেজ-এ, যা রাজনৈতিক উদ্দেশ্যে স্কুল ভবন ব্যবহার সংক্রান্ত অবশ্য অনুসরণযোগ্য পদ্ধতি প্রতিষ্ঠা করে)।

A. স্কুল ভবনগুলো এবং অপর DOE-এর স্থানসমূহ ব্যবহার করা **যেতে পারে** নিম্নলিখিত উদ্দেশ্যে:

1. প্রাইমারি (প্রাথমিক), জেনারেল (সাধারণ), এবং স্পেশাল (বিশেষ) নির্বাচন অনুষ্ঠানের ভোটার রেজিস্ট্রেশনের স্থান হিসেবে; এবং

2. **সকল** প্রার্থীকে অংশগ্রহণে আমন্ত্রণ জানানো হলে প্রার্থী ফোরাম করা যাবে। এ ধরনের ফোরাম আয়োজনের অনুমোদনপত্রের (পারমিটের) আবেদনে অবশ্যই লিখিত থাকতে হবে যে, সকল প্রার্থীদের অংশগ্রহণের আহ্বান জানানো হয়েছে। স্কুল এবং বর্ধিত ব্যবহার বিশেষজ্ঞ যদি উপরোক্ত

বিবৃতি সংযুক্ত আবেদপত্র অনুমোদন করেন, তাহলে সেটা অবশ্যই অফিস অভ পাবলিক অ্যাফেয়ার্স-এ (Office of Public Affairs)-এ 52 Chambers Street, New York, NY 10007, 212-374-4947 ঠিকানায় জমা দিতে হবে।

B. **রাজনৈতিক অনুষ্ঠান,** কর্মকাণ্ড কিংবা মিটিং-এর জন্য স্কুল ভবন ব্যবহার করা যাবে **না**, যদি না এর উদ্দেশ্য উপরের উল্লেখ অনুযায়ী কোনো প্রার্থী ফোরাম হয়ে থাকে।

C. সেকশন XII.A.2-তে যেমন বর্ণিত আছে, সেটি ব্যতীত, কোন নির্বাচিত কর্মকর্তা, প্রার্থী, প্রার্থীবৃন্দ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির সুবিধার জন্য অথবা যেকোন ব্যক্তি, গ্রুপ, সংগঠন, কমিটি ইত্যাদির পক্ষে নির্ধারিত সময়ের পর বর্ধিত সময়ে স্কুল ভবনের ব্যবহার **নিষিদ্ধ**।

D. উপরে সেকশন XII.A.2-এ যেমন বর্ণিত আছে সেটি ব্যতীত, কোন নির্বাচিত কর্মকর্তা, প্রার্থী, প্রার্থীবৃন্দ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির সুবিধার জন্য অথবা যেকোন ব্যক্তি, গ্রুপ, সংগঠন, কমিটি ইত্যাদির পক্ষে স্কুল/কর্ম দিবসের শেষে যেকোন ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্কুলে কোন সমাবেশ, সভা, কর্মসূচি ইত্যাদি করা যাবে না।

E. নির্বাচিত কর্মতকর্তার পাবলিক ডিউটি এবং দায়িত্বের সাথে সরাসরি সম্পৃক্ততা ব্যতীত, কোনো নির্বাচনী পদ-প্রার্থী বা পুনরায় নির্বাচিত হতে ইচ্ছুক প্রার্থী, প্রাইমারি এবং/অথবা সাধারণ ইলেকশনের 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে স্কুল দিবসের শেষে DOE স্কুল ভবন ব্যবহার করতে পারবেন না।

## XIII. অন্যান্য বিবেচ্য বিষয়সমূহ

A. যারা জিমন্যাসিয়ামে ক্রীড়ামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে, তাদেরকে অবশ্যই যথাযথ জুতো ও পোশাক পরতে হবে।

B. স্কুল এলাকায় বখশিশ প্রদান বা গ্রহণ করা যাবে না।

C. স্কুলের পরিসীমানায় মুষ্টিযুদ্ধ, কুস্তি বা মার্শাল আর্টস্ প্রোগ্রাম আয়োজন করতে ইচ্ছুক CBO এবং অপর ব্যবহারকারী সংগঠনগুলোকে অবশ্যই নিম্নলিখিত মানদণ্ড পূরণ করতে হবে:

1. এ ধরনের আয়োজনের জন্য প্রতিষ্ঠিত একটি স্বীকৃত প্রতিষ্ঠানের কাছে থেকে কর্মকাণ্ডটির অনুমোদন থাকতে হবে। উদাহরণস্বরূপ, গোল্ডেন গ্লোভ বক্সিং U.S. অলিম্পিক কমিটির পৃষ্ঠপোষকতার অধীন একটি জাতীয়ভাবে স্বীকৃতিপ্রাপ্ত প্রতিযোগিতা।

2. কোনো মুষ্টিযুদ্ধ, কুস্তি বা মার্শাল আর্টস্ প্রতিযোগিতা স্পন্সরকারী সংগঠনকে প্রতিটি ঘটনার জন্য কমপক্ষে $1,000,000-এর, এবং তার অতিরিক্ত বা আমব্রেলা লায়াবিলিটি পলিসির (বা পলিসিসমূহের) জন্য প্রতিটি ঘটনার ক্ষেত্রে কমপক্ষে $5,000,000-এর কমার্শিয়াল জেনারেল লায়াবিলিটি ইন্স্যুরেন্স পলিসির প্রিমিয়াম পরিশোধ করতে হবে। এ ধরনের পলিসিতে তাদের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের DOE এবং সিটি অভ নিউ ইয়র্ক-এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কমপক্ষে (ISO) ফর্ম CG 20 26-এর অনুরূপ আওতা অনুযায়ী অতিরিক্ত বিমাকৃত হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। যে কোনো অনুষ্ঠানের আগে এবং শর্ত হিশেবে ব্যবহারকারীকে একটি সার্টিফিকেট অভ ইন্স্যুরেন্স প্রিন্সিপ্যালের কাছে দিতে হবে যা এ ধরনের ইন্স্যুরেন্সের প্রমাণ দেয়।

3. স্পন্সর স্বীকার করেন ও মেনে নেন যে তারা DOE-এর স্কুল সেফটি অফিসারদের (SSAs) দ্বারা প্রদত্ত নিরাপত্তা পরিষেবার ব্যয় নির্বাহ করবেন। কতজন SSA প্রয়োজন হবে, সেটা নির্ধারণ করবে

DOE স্কুল সিকিউরিটি অফিস। সিকিউরিটির জন্য প্রয়োজনীয় মূল্য অবশ্যই অগ্রিম পরিশোধ করতে হবে।

4. অনুষ্ঠানটি লাভজনক হতে পারবে না এবং সকল আয় (অর্থাৎ প্রবেশমূল্য, চাঁদা, ইত্যাদি) অবশ্যই সেকশন XI অনুযায়ী কোনো স্বীকৃত দাতব্য বা শিক্ষামূলক প্রতিষ্ঠানে প্রদান করতে হবে।

D. অংশগ্রহণকারীদের আহত হওয়ার বিদ্যমান ঝুঁকির আলোকে, DOE যে কোনো অনুষ্ঠানের অনুমোদন প্রত্যাখ্যানের একক কর্তৃত্ব সংরক্ষণ করে।

E. পার্কিং সুবিধা হিসেবে স্কুলের আঙিনা (ইয়ার্ড) বা স্কুলের অপর কোনো অংশ বাইরের সংগঠনের/ব্যবহারকারীর ব্যবহার করা নিষিদ্ধ।

## XIV. সামার ডে ক্যাম্প, কার্নিভাল, মেলা, ফ্লি মার্কেট এবং দৈহিক সংস্পর্শযুক্ত কর্মকাণ্ড

A. সামার ডে ক্যাম্প

সামার ডে ক্যাম্প পরিচালনা নিচের নিয়ম অনুযায়ী অনুমোদিত:

1. ক্যাম্প অবশ্যই পরিচালিত হতে হবে:
   - অলাভজনকভাবে;
   - কমিউনিটি অভিমুখী;
   - সকল যোগ্য ছেলেমেয়েদের জন্য উন্মুক্ত হতে হবে; এবং
   - প্রযোজ্য ইন্স্যুরেন্স থাকতে হবে।

2. ব্যবহারকারীকে প্রতিটি ঘটনার জন্য কমপক্ষে $1,000,000-এর, এবং তার অতিরিক্ত বা আমব্রেলা লায়াবিলিটি পলিসির (বা পলিসিসমূহের) জন্য প্রতিটি ঘটনার ক্ষেত্রে কমপক্ষে $5,000,000-এর কমার্শিয়াল জেনারেল লায়াবিলিটি ইন্স্যুরেন্স পলিসির প্রিমিয়াম পরিশোধ করতে হবে। এ ধরনের পলিসিতে তাদের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের DOE এবং সিটি অভ নিউ ইয়র্ক-এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কমপক্ষে (ISO) ফর্ম CG 20 26-এর অনুরূপ আওতা অনুযায়ী অতিরিক্ত বিমাকৃত হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। যে কোনো অনুষ্ঠানের আগে এবং শর্ত হিশেবে ব্যবহারকারীকে একটি সার্টিফিকেট অভ ইন্স্যুরেন্স প্রিন্সিপ্যালের কাছে দিতে হবে যা এ ধরনের ইন্স্যুরেন্সের প্রমাণ দেয়।

3. সামার ডে ক্যাম্প পরিচালনা করতে হলে অবশ্যই ক্যাম্পকে প্রযোজ্য আইন ও প্রবিধান অনুযায়ী আবশ্যিক বিবেচিত সকল লাইসেন্স, পারমিট ইত্যাদি নিতে হবে।

4. ক্যাম্পে অংশগ্রহণকারীদের পিতামাতা বা অভিভাবকদেরকে ক্যাম্প সকল আবেদনপত্রে এবং/অথবা রিজেস্ট্রেশন ফর্ম-এ যে কোনো উপায়ে একটি লিখিত বিবৃতির মাধ্যমে জানিয়ে দিতে হবে যে:

   **(ক্যাম্পের নাম) নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোনো প্রোগ্রাম বা স্পন্সর করা কোনো বিষয় নয়।**

5. সামার ডে ক্যাম্প পরিচালনার খাতা এবং রেকর্ড বই এবং অনুলিপি চ্যান্সেলর বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির পরিদর্শনের জন্য বিজ্ঞপ্তিদানের পাঁচ (5) দিনের মধ্যে প্রস্তুত থাকতে হবে।

B. কার্নিভাল ও ফেয়ার (মেলা)

কার্নিভাল ও ফেয়ার (মেলা) নিচের নিয়ম অনুযায়ী অনুমোদিত:

1. ব্যবহারকারীকে প্রতিটি ঘটনার জন্য কমপক্ষে $1,000,000-এর কমার্শিয়াল জেনারেল লায়াবিলিটি ইন্স্যুরেন্স পলিসি চালু রাখতে ও সকল প্রিমিয়াম পরিশোধ করতে হবে। এ ধরনের পলিসিতে তাদের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের DOE এবং সিটি অভ নিউ ইয়র্ক-এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কমপক্ষে (ISO) ফর্ম CG 20 26-এর অনুরূপ আওতা অনুযায়ী অতিরিক্ত বিমাকৃত হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। যেক্ষেত্রে কার্নিভাল বা ফেয়ার-এর (মেলার) অন্তর্ভুক্ত হবে কোনো বাণিজ্যিক কোম্পানির দেওয়া "রাইডস্," "মুনওয়াকস্" কিংবা অপর কোনো বিনোদনের উপকরণ, সেক্ষেত্রে ব্যবহারকারীকে নিশ্চিত করতে হবে যে, এমন কোম্পানির প্রতিটি ঘটনার জন্য কমপক্ষে $1,000,000-এর কমার্শিয়াল জেনারেল লায়াবিলিটি ইন্স্যুরেন্স পলিসি এবং কমপক্ষে (ISO) ফর্ম CG 20 26-এর অনুরূপ আওতা অনুযায়ী ব্যবহারকারী, DOE, এবং নিউ ইয়র্ক সিটির নাম অন্তর্ভুক্ত করে প্রতিটি ঘটনার জন্য কমপক্ষে $5,000,000-এর একটি অ্যাক্সেস বা আমব্রেলা লায়াবিলিটি পলিসি রয়েছে। যে কোনো অনুষ্ঠানের আগে এবং একটি শর্ত হিসেবে, ব্যবহারকারীকে ইন্স্যুরেন্স-এর প্রমাণ হিসেবে প্রিন্সিপ্যালের কাছে সার্টিফিকেট অভ ইন্স্যুরেন্স দিতে হবে।

2. আবেদন করার সময় DOHMH (খাবার পরিবেশন প্রসঙ্গে) এবং ডিপার্টমেন্ট অভ কমজিউমার অ্যাফেয়ার্স (বিভিন্ন রাইড প্রসঙ্গে)-এর কাছ থেকে লাইসেন্স/পারমিট অবশ্যই বর্ধিত ব্যবহার বিশেষজ্ঞের কাছে উপস্থাপন করতে হবে।

3. স্কুল পরিসীমানায় নিয়ে আসা সকল যন্ত্র আইন ও তার ডিজাইন অনুযায়ী স্থাপন করা হয়েছে এবং যন্ত্রের ওজন ধারণ ক্ষমতা, উচ্চতা ও উন্মুক্ত স্থানের সীমাবদ্ধতার বিষয়টি বিবেচিত হয়েছে, সেটা নিশ্চিত করার জন্য ব্যবহারকারী দায়বদ্ধ থাকবেন।

4. কোনো রাইড বা যন্ত্র অনুমোদিত হবে না যাতে এসব রাইড বা যন্ত্র নিরাপদভাবে স্থাপনের জন্য গর্ত করা বা মাটির নিচে খুড়াখুড়ির প্রয়োজন রয়েছে।

C. যেসব শর্তের ভিত্তিতে DOE-এর অন্তর্ভুক্ত স্থানে ফ্লি মার্কেট প্রতিষ্ঠা করা যায় এবং ফ্লি-মার্কেট ধরনের অপর কোনো কর্মসূচির সূচনা ও পরিচালনা করা যায়, সেগুলো রয়েছে (দেখুন চ্যান্সেলরের প্রবিধান A-650এ, যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-650-flea-markets-bengali ওয়েবসাইটে)।

1. ফ্লি মার্কেটের স্থিতিকাল বিবেচনা ছাড়াই ফ্লি মার্কেট পরিচালনা থেকে সংগৃহীত সকল অর্থ দ্বারা অবশ্যই সংশ্লিষ্ট স্কুলের শিক্ষাগত, সামাজিক এবং সাংস্কৃতিক প্রোগ্রামকে সুবিধা দান করা হতে হবে তহবিল সংগ্রহ করার প্রাথমিক উদ্দেশ্য।

2. প্যারেন্ট অ্যাসোসিয়েশন/PTA (স্পন্সরকারী সংগঠন)-কে অবশ্যই বর্ধিত সময়ে স্কুল ব্যবহারের জন্য সংশ্লিষ্ট স্কুলের প্রিন্সিপ্যাল এবং জিম্মাদারি কর্তৃপক্ষের অনুমোদিত একটি বর্ধিত ব্যবহারের অনুমোদনপত্র (পারমিট) সংগ্রহ করতে হবে। স্কুল অধিবেশন চালু না থাকাকালে অপর DOE স্কুল ব্যবহারকারীর প্রক্রিয়ার যেমন হয়, ফ্লি মার্কেটের ব্যবহার প্রক্রিয়া অনুরূপ হবে। অনুষ্ঠানের জন্য উন্মুক্ততার এবং স্থানের ভাড়া অবশ্যই অনুমোদিত পারমিটে সংযুক্ত থাকবে এবং এক্সটেনডেড ইউজ স্পেশালিস্টের কাছে পাঠাতে হবে।

3. ফ্লি মার্কেটে অংশগ্রহণকারীদের পর্যাপ্ত নিরাপত্তাদান এবং স্কুলের সম্পদ সুরক্ষিত রাখার জন্য ব্যবহারকারী যথাযথ নিরাপত্তা বিধানের ব্যবস্থা রাখতে বাধ্য।

4. ব্যবহারকারীকে প্রতিটি ঘটনার জন্য কমপক্ষে $1,000,000-এর এবং তার অতিরিক্ত বা আমব্রেলা লায়াবিলিটি পলিসির জন্য প্রতিটি ঘটনার ক্ষেত্রে কমপক্ষে $3,000,000-এর কমার্শিয়াল জেনারেল লায়াবিলিটি ইন্স্যুরেন্স পলিসির প্রিমিয়াম পরিশোধ করতে হবে। এ ধরনের পলিসিতে তাদের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের DOE এবং সিটি অভ নিউ ইয়র্ক-এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কমপক্ষে (ISO) ফর্ম CG 20 26-এর অনুরূপ আওতা অনুযায়ী অতিরিক্ত বিমাকৃত হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। যে কোনো অনুষ্ঠানের আগে এবং একটি শর্ত হিসেবে, ব্যবহারকারীকে ইন্স্যুরেন্স-এর প্রমাণ হিসেবে প্রিন্সিপ্যালের কাছে সার্টিফিকেট অভ ইন্স্যুরেন্স দিতে হবে।

D. দৈহিক সংস্পর্শযুক্ত খেলাধুলা এবং কর্মকাণ্ড

1. কোনো দৈহিক সংস্পর্শযুক্ত খেলাধুলা এবং কর্মকাণ্ড স্পন্সরকারী সংগঠনকে প্রতিটি ঘটনার জন্য কমপক্ষে $1,000,000-এর এবং তার অতিরিক্ত বা আমব্রেলা লায়াবিলিটি পলিসির জন্য প্রতিটি ঘটনার ক্ষেত্রে কমপক্ষে $3,000,000-এর কমার্শিয়াল জেনারেল লায়াবিলিটি ইন্স্যুরেন্স পলিসির প্রিমিয়াম পরিশোধ করতে হবে। এ ধরনের পলিসিতে তাদের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের DOE এবং সিটি অভ নিউ ইয়র্ক-এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কমপক্ষে (ISO) ফর্ম CG 20 26-এর অনুরূপ আওতা অনুযায়ী অতিরিক্ত বিমাকৃত হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। যে কোনো অনুষ্ঠানের আগে এবং একটি শর্ত হিসেবে, ব্যবহারকারীকে ইন্স্যুরেন্স-এর প্রমাণ হিসেবে প্রিন্সিপ্যালের কাছে সার্টিফিকেট অভ ইন্স্যুরেন্স দিতে হবে।

E. DOE যদি উপরে XIV.A.-D. অংশে বর্ণিত অনুষ্ঠান বা কর্মকাণ্ডের জন্য আবশ্যক বলে মনে করে, তাহলে বাড়তি কোনো ধরনের, স্তরের, অথবা শর্তযুক্ত ইন্স্যুরেন্সের বাধ্যবাধকতা আরোপের অধিকার রাখে।

## XV. *অনুসন্ধান*

এই প্রবিধান সম্পর্কিত যেকোনো প্রশ্ন ডিভিশন অভ স্কুল অপারেশনসের ExtendedUse@schools.nyc.gov ঠিকানায় পাঠাতে হবে। ডিভিশন অভ স্কুল অপারেশন বর্ধিত ব্যবহারের অনুমোদনপত্র (পারমিট)-এর সাথে সংশ্লিষ্ট সকল কাগজপত্র নিয়ন্ত্রণ করে।